



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মুরারিচাঁদ কলেজ, সিলেট

website : www.mccollege.edu.bd

email : m.c.college_sylhet@live.com



তারিখ: ২১.০৯.২০২১ খ্রি.

২০১৮-১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭-১৮, ২০১৬-১৭ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ৩য় বর্ষে Promotion এর জন্য অঙ্গীকারনামা জমা দেয়ার বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, উপরোল্লিখিত শিক্ষার্থীরা বৈশ্বিক মহামারি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনার্স ২য় বর্ষ হতে ৩য় বর্ষে উন্নীত হবে।

অনার্স ২য় বর্ষ থেকে অনার্স ৩য় বর্ষে প্রমোশনের শর্তসমূহ:

ক) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭-১৮, ২০১৬-১৭ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অন-লাইন বা ফেস টু ফেস ২য় বর্ষের সিলেবাস অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে।

খ) ২য় বর্ষের সকল ইনকোর্স পরীক্ষা সম্পন্ন করেছে এবং কলেজ কর্তৃক যাদের ইনকোর্স নম্বর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করেছে।

ঘ) মহামারী কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষা রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (Promoted) হতে ব্যর্থ হলে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) বাতিল বলে গণ্য হবে।

ঙ) সকল শিক্ষার্থী উল্লিখিত শর্ত মেনে নিয়ে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) গ্রহণে রাজি আছে এ মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকারনামায় (কপি সংযুক্ত) স্বাক্ষর করে হাতে হাতে স্ব স্ব বিভাগে জমা দিবে।

চ) যেসব শিক্ষার্থী ৩য় বর্ষে Promoted হয়েছে কিন্তু ২০২০ সালে অনার্স ২য় বর্ষে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না।

উপরোল্লিখিত শর্তসমূহের আলোকে শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রেরিত অঙ্গীকারনামা (বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত) স্বহস্তে পূরণ করে আগামী ২২.০৯.২০২১ হতে ০৯.১০.২০২১খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

অনার্স বিষয় (সকল)	শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত অঙ্গীকারনামা স্ব স্ব বিভাগে জমাদানের তারিখ (সকাল ১০ টা-দুপুর ২.০০ টা পর্যন্ত)	বিভাগ কর্তৃক শিক্ষার্থীদের জমাদানকৃত অঙ্গীকারনামার ডালিকা করে (রেজিস্ট্রেশন ক্রমানুযায়ী) কমিটির নিকট জমাদানের শেষ তারিখ	মন্তব্য
	২২.০৯.২০২১ হতে ০৯.১০.২০২১	১১.১০.২০২১	শিক্ষার্থীদের অঙ্গীকারনামা স্ব স্ব বিভাগ সংরক্ষণ করে রাখবেন।

অধ্যক্ষ ২১/০৯/২০২১
মুরারিচাঁদ কলেজ, সিলেট।

Principal
College, Sylhet.



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website: www.nubd.info/honours

শিক্ষার্থীদের অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোর্স সম্পন্ন শেষে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক আমি সকল শর্ত মেনে নিয়ে অনার্স ৩য় বর্ষে শর্ত সাপেক্ষে প্রমোশন নিতে সম্মত আছি। আমি পরবর্তীতে বিশ্ববিদ্যালয় ঘোষিত সময়সূচি অনুযায়ী সকল পরীক্ষায় অংশগ্রহণ করবো এবং পরীক্ষা রেগুলেশন অনুযায়ী প্রমোটেড হতে ব্যর্থ হলে আমার শর্ত সাপেক্ষে প্রদত্ত প্রমোশন বাতিল হবে এবং তাতে আমার কোনো আপত্তি থাকবে না।

পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ	:	
পিতার নাম	:	
মাতার নাম	:	
রেজিস্ট্রেশন নং	:	
কলেজ কোড	:	
শিক্ষাবর্ষ	:	
কলেজের নাম	:	

বি: দ্র: সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে।